গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারা অধিদপ্তর
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশিবাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

## কারাগারের বিভিন্ন সমস্যা এবং উহার সম্ভাব্য সমাধান বিষয়ে কারা উপ মহাপরিদর্শকগণের সমন্বয়ে অনুষ্ঠিত সম্মেলন ২০১৯ এর কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, এসপিপি, এনডিসি, এমফিল,এমপিএইচ কারা মহাপরিদর্শক, বাংলাদেশ, ঢাকা |
| তারিখ ও সময় | : | ২৫এপ্রিল ২০১৯, সকাল ৯:৩০ টা |
| স্থান | | সম্মেলন কক্ষ, কারা অধিদপ্তর, ঢাকা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |
| সঞ্চালক | : | কর্নেল মোঃ আবরার হোসেন, অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা। |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়েসভার কার্যক্রম শুরু করেন । সভার শুরুতেই উপস্থিত কারা উপ মহাপরিদর্শকগণকে তাদের অধিনস্থ কারাগার সমূহের বর্তমান অবস্থা ও সমস্যাদি তুলে ধরার জন্য অনুরোধ জানান । সময় স্বল্পতার কারণে আলোচ্যসূচি হতে অতিগুরুত্বপূর্ণ বিষয়সমূহ আলোচনার জন্য নির্দেশনা প্রদান করা হয় । তৎপ্রেক্ষিতে সকল বিভাগের কারা উপ মহাপরিদর্শকগণ কারাগার সমূহের অতিগুরুত্বপূর্ণ সমস্যাদি উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

### কারা উপ মহাপরিদর্শক, ঢাকা বিভাগ

| ক্রঃ নং | দপ্তর/ কারাগারের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | |
| ১ | কাশিমপুর কেন্দ্রীয় কারাগার | কাশিমপুর কারা ক্যাম্পাসের কারা এলাকায় ছয়ফুট উচ্চতার সীমানা প্রাচীরের পাশ দিয়ে সাধারণ জনগণের যাতায়াতের রাস্তা দিয়ে বিভিন্ন ধরণের লোক যাতায়াত করে। ফলে দু:স্কৃতিকারী লোকজন বাহির হতে ওয়ালের উপর দিয়ে অবৈধ মালামাল বা মাদক জাতীয় দ্রব্য পরিকল্পিতভাবে প্রবেশ করানোর সুযোগ নিতে পারে। | কাশিমপুর কারা ক্যাম্পাসের সীমানা প্রাচীরের উচ্চতা দুইফুট উর্ধ্বমুখী সম্প্রসারণ করার নিমিত্তে PWD কর্তৃক প্রাক্কলন প্রস্তুত পূর্বক প্রস্তাব কারা অধিদপ্তর প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হয়। | কারা অধিদপ্তর (ইমারত শাখা)/কাশিমপুর (সকল) কারা কর্তৃপক্ষ |
| ২ | টাংগাইল জেলা কারাগার | এ কারাগারে জনবলের তুলনায় পর্যাপ্ত কারারক্ষী ব্যারাক না থাকায় কারারক্ষীদের আবাসন ব্যবস্থায় খুবই অসুবিধার সম্মুখিন হতে হচ্ছে। বিধায় ০৫তলা বিশিষ্ট আরও ০১ টি নতুন কারারক্ষী ব্যারাক নির্মাণ করা প্রয়োজন। | নতুন কারারক্ষী ব্যারাক নির্মাণের বিষয়ে PWD কর্তৃক প্রাক্কলন প্রস্তুত পূর্বক কারা অধিদপ্তর প্রস্তাব প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়। | কারা অধিদপ্তর (ইমারত শাখা)/ সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ |
| ৩ | মানিকগঞ্জ জেলা কারাগার | মানিকগঞ্জ জেলা কারাগার ০৬(ছয়) একর জমির উপর অবস্থিত। আবাসিক ভবন, বন্দি ব্যারাক সহ নানা ধরণের স্থাপনা নির্মাণের ফলে কৃষিজ জমি অপ্রতুল। এছাড়া বন্দিদের খেলাধুলা, কারারক্ষীদের পিটি,ড্রিল এবং খেলাধুলার জায়গা নেই।এসব বিষয় বিবেচনায় মানিকগঞ্জ জেলা কারাগারের জন্য নতুন করে কমপক্ষে ০৫ (পাঁচ) একর জায়গা অধিগ্রহণ করা প্রয়োজন। | মানিকগঞ্জ জেলা কারাগারের জন্য নতুন করে কমপক্ষে ০৫ (পাঁচ) একর জায়গা অধিগ্রহণ করার উদ্যোগ গ্রহণের জন্য সিদ্ধান্ত হয়। | কারা অধিদপ্তর (ইমারত শাখা)/সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ কারা উপ মহাপরিদর্শক (ঢাকা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | কিশোরগঞ্জ জেলা কারাগার | নব-নির্মিত কারাগারটি জেলা শহর হতে দূরবর্তী হওয়ায় স্টাফের ছেলে-মেয়েদের স্কুল কলেজে যাওয়া আসার জন্য একটি মিনিবাস সরবরাহ করণ। | - | - |
| | | কারাভ্যন্তরে ব্যাপক ভিত্তিতে জুতা তৈরি ও বাজারজাত করণ । | প্রাথমিকভাবে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন বন্দি কর্তৃক কিছু জুতা উৎপাদন করা হচ্ছে। মানসম্মত ও বিক্রয়যোগ্য জুতা তৈরী করার লক্ষ্যে একজন অভিজ্ঞ প্রশিক্ষক নিয়োগ করার জন্য কারা কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়। | কারা উপ মহাপরিদর্শক (ঢাকা)/কারা কর্তৃপক্ষ |
| | | কারাভ্যন্তরে বন্দিদের জন্য কাপড় উৎপাদন। | কয়েদী বন্দিদের নির্ধারিত পোশাক তৈরীর জন্য কারাগারে অটোমেটিক হ্যান্ডলুম (তাঁত) স্থাপনের উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশ দেয়া হয়। | কারা উপ মহাপরিদর্শক (ঢাকা)/কারা কর্তৃপক্ষ |
| | | কারাভ্যন্তরে বেকারি স্থাপন | বন্দিদেরকে কর্মক্ষম ও আয় বৃদ্ধির লক্ষ্যে বেকারি স্থাপনের উদ্যোগ গ্রহণের জন্য নির্দেশ দেয়া হয়। | কারা উপ মহাপরিদর্শক (ঢাকা)/কারা কর্তৃপক্ষ |
| ৫ | নারায়নগঞ্জ জেলা কারাগার | কারা পণ্যের চাহিদা সারা বাংলাদেশে রয়েছে যার প্রতিফলন বাণিজ্য মেলায় দেখা গিয়েছে। কারাপণ্য বাজারজাত করণের জন্য কারা বিভাগের নিজস্ব কারাপণ্য নামে নিজস্ব স্টিকার ব্যবহার করা। | কারাপণ্য বাজারজাত করণের জন্য কারাপণ্য নামে নিজস্ব স্টিকার ব্যবহার করার সিদ্ধান্ত হয়। | কারা উপ মহাপরিদর্শক (সকল)<br>কারা অধিদপ্তর |
| ৬ | মুন্সীগঞ্জ জেলা কারাগার | কারাগারের সর্বমোট জমির পরিমাণ মাত্র ৬.০০ (ছয়) একর। বিভিন্ন স্থাপনা ও প্রবেশ পথ নির্মাণের পর কারাগারের বর্হিভাগে ব্যবহার উপযোগী স্থান নেই। বর্তমানে কারারক্ষীদের খেলাধুলার বিভিন্ন সরঞ্জাম সরবরাহ করা হলেও খেলার মাঠ না থাকায় লক্ষ্য ও উদ্দেশ্য ব্যহত হচ্ছে। ক্রমবর্ধমান বন্দি সংখ্যার সঙ্গে সামঞ্জ্যপূর্ণ হারে আবাসিক ব্যবস্থা সম্প্রসারণ এবং বন্দি সংশোধন প্রক্রিয়ার কার্যকর বাস্তবায়নের জন্য কারাভ্যন্তরে একটি মাল্টিপারপাস সেড নির্মাণের আবশ্যকতা রয়েছে। | জমি অধিগ্রহণ করার পদক্ষেপ গ্রহণের জন্য কারা কর্তৃপক্ষকে নির্দেশ দেয়া হয়। | কারা অধিদপ্তর (ইমারত শাখা)/সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ |
| ৭ | ফরিদপুর জেলা কারগার | ১। কারা নিরাপত্তার জন্য কারাগারে একাধিক ওয়াচ টাওয়ার নির্মাণ করা।<br>২। পেরিমিটার ওয়াল এর উচ্চতা ১৮ ফুটে উন্নীত করা।<br>৩। সীমানা প্রাচীর নির্মাণ করা। | প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশ দেয়া হয়। | কারা উপ মহাপরিদর্শক (ঢাকা) কারা অধিদপ্তর (ইমারত শাখা)/কারা কর্তৃপক্ষ |
| ৮ | শরীয়তপুর জেলা কারাগার | শরীয়তপুর জেলা কারাগারের কারাভ্যন্তরে বিভিন্ন ওয়ার্ডে যাতায়াতের জন্য ভাল রাস্তা নেই। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ দেয়া হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জেলা কনডেমেনেশন কমিটির সুপারিশকৃত ভবনসমূহ নতুনভাবে নির্মান/মেরামত করা প্রয়োজন। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) সরেজমিনে পরিদর্শন পূর্বক প্রতিবেদন দাখিল করার জন্য নির্দেশ দেয়া হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) |

## কারা উপ মহাপরিদর্শক, ময়মনসিংহ বিভাগ

| নং | দপ্তর/কারাগারের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ণকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | বিভাগীয় দপ্তর ময়মনসিংহ | বিভাগীয় দপ্তরে জনবল সংকট। বিভাগীয় ডিভ সাইন নেই। | বিভাগীয় দপ্তরের মঞ্জুরিকৃত পদের বিপরীতে দ্রুত জনবল নিয়োগ/পদায়ন করা এবং নিজস্ব ডিভ সাইন সরবরাহ করার ব্যবস্থা গ্রহণের বিষয়ে নির্দেশ প্রদান করেন। | কারা অধিদপ্তর (ক্রয় শাখা/প্রশাসন শাখা) |
| ২ | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার | মাঠ পর্যায়ে সিনিয়র কারা তত্ত্বাবধায়ক /কারা তত্ত্বাবধায়ক এর সাময়িক অনুপস্থিতির সময় প্রশাসনিক কার্যক্রমে জটিলতা নিরসন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে | কারা অধিদপ্তর (প্রশাসন/সংস্থাপন শাখা ) |
| ৩ | জামালপুর জেলা কারাগার | কারা নিরাপত্তার স্বার্থে জামালপুর জেলা কারাগারে পর্যবেক্ষন টাওয়ার নির্মাণ | কারা নিরাপত্তার স্বার্থে জামালপুর জেলা কারাগারে পর্যবেক্ষণ টাওয়ার নির্মাণ করার উদ্যোগ গ্রহণের নির্দেশ দেয়া হয়। | কারা উপ মহাপরিদর্শক ( ময়মনসিংহ ) কারা অধিদপ্তর ইমারত শাখা /সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ |

## কারা উপ মহাপরিদর্শক, রাজশাহী বিভাগ

| ক্রঃ নং | দপ্তর/ কারাগারের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ণকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | বিভাগীয় দপ্তর, রাজশাহী | রাজশাহী ও সিরাজগঞ্জ কারাগার ব্যতীত অন্যান্য সকল কারাগারের উন্নয়নের জন্য মাস্টার প্লান তৈরি করার জন্য অনুরোধ জানান। | রাজশাহী ও সিরাজগঞ্জ কারাগার ব্যতীত অন্যান্য সকল কারাগারের উন্নয়নের জন্য মাস্টার প্লান তৈরি করার উদ্যোগ গ্রহণের নির্দেশ দেয়া হয়। | সহকারী কারা মহাপরিদর্শক (উন্নয়ন) |
| | | কারাগারে পরিদর্শন বাংলো নির্মাণ। | - | - |
| | | ডেপুটি জেলার হতে কারারক্ষী পর্যন্ত বদলির ক্ষমতা ডিআইজি প্রিজন্সদের হাতে ন্যাস্ত করার জন্য অনুরোধ জানান | ডেপুটি জেলার হতে কারারক্ষী পর্যন্ত বদলির ক্ষমতা ডিআইজি প্রিজন্সদের হাতে ন্যাস্ত করার বিষয়ে কোন সিদ্ধান্ত গৃহীত হয় নাই। | - |
| ২ | বগুড়া জেলা কারাগার | বগুড়া জেলা কারাগারের জমি শহরের মধ্যে প্রায় ১ বিঘা জমিতে শপিং কমপ্লেক্স নির্মাণ | | - |

কারা উপ মহাপরিদর্শক, রংপুর ঢাকা বিভাগ

| ক্রঃ নং | দপ্তর/কারাগারের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ণকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | কারা উপ মহাপরিদর্শকের কার্যালয়, রংপুর বিভাগ, রংপুর। | (১) কেন্দ্রীয়/জেলা কারাগারে বাৎসরিক ৬০ দিনের প্রশিক্ষণ কর্মসূচি, দরবার, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচি বাস্তবায়নের জন্য মাল্টি পারপাস শেড নির্মাণ করা প্রয়োজন। প্রতিটি কারাগারে ব্যারাকের ধারণ ক্ষমতা প্রয়োজনের তুলনায় নিতান্তই অল্প।ব্যারাকে আবাসনের সুবন্দোবস্ত না থাকায় দায়িত্ব পালনে সমস্যা তৈরি হচ্ছে। | (১) প্রতিটি কারাগারে ব্যারাক ও মাল্টি পারপাস শেড নির্মাণের জন্য কারা অধিদপ্তরে একটি প্রকল্প গ্রহণের নির্দেশ প্রদান করেন। | কারা অধিদপ্তর (ইমারত শাখা) |
| ২ | গাইবান্ধা জেলা কারাগার | কারাগার হতে সদর হাসপাতাল প্রায় ০৬ কিলোমিটার দূরবর্তী স্থানে হওয়ায় অসুস্থ বন্দিদের হাসপাতালে আনা-নেয়ার জন্য একটি এ্যাম্বুলেন্স প্রয়োজন; | কারা অধিদপ্তর হতে এ্যাম্বুলেন্স ক্রয়ের জন্য একটি প্রকল্প সরকারের সদয় অনুমোদনের অপেক্ষায় রয়েছে। | কারা অধিদপ্তর (ইমারত শাখা) |
| ৩ | দিনাজপুর জেলা কারাগার | (১) অসুস্থ কারাবন্দি (পুরুষ-মহিলা) ও কারা কর্মকর্তা-কর্মচারীদের উন্নত চিকিৎসার্থে হাসপাতালে নেয়ার জন্য ০১ (এক)টি এ্যাম্বুলেন্স প্রয়োজন। | কারা অধিদপ্তর হতে এ্যাম্বুলেন্স ক্রয়ের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। | কারা অধিদপ্তর (ইমারত শাখা) |
| | | (২) ডিপ্লোমা নার্স/ফার্মাসিস্ট পদটি ০৭.১১.২০১৮ হতে শূন্য রয়েছে বিধায় ডিপ্লোমা নার্স/ফার্মাসিস্ট পদায়ন করা প্রয়োজন। | দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) |

কারা উপ মহাপরিদর্শক, চট্টগ্রাম ঢাকা বিভাগ

| ক্রঃ নং | দপ্তর/কারাগারের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগার | **মহিলা ওয়ার্ডের অভ্যন্তরে অবস্থিত রান্নাঘরটি ব্যবহার উপযোগীকরণ ঃ চট্টগ্রাম** কেন্দ্রীয় কারাগারে ০৩(তিন) টি রান্নাঘর বিদ্যমান থাকলেও মহিলা ওয়ার্ডের অভ্যন্তরে অবস্থিত রান্নাঘরটি দীর্ঘদিন ধরে ব্যবহৃত হচ্ছে না। ফলে বার্নারগুলো নষ্ট হয়ে যাচ্ছে। তাছাড়া অপর দুইটি রান্নাঘর মাধ্যমে প্রায় ৯,৫০০ জন বন্দির দৈনন্দিন রান্নার কাজ সম্পন্ন করতে গিয়ে যথাসময়ে বন্দিদের মাঝে খাবার বন্টন করা সম্ভব হচ্ছে না | স্থানীয়ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কারা উপ মহাপরিদর্শক (চট্টগ্রাম) সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | **পুরাতন দর্শনার্থী অপেক্ষাগার সেডটি আধুনিকায়ন** ঃ চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের দর্শনার্থী অপেক্ষাগারটি চর্তুপাশ খোলা, সিলিং টিন দিয়ে নির্মিত। দর্শনার্থীদের অপেক্ষাগারের চারপাশে কোন দেয়াল না থাকায় ঝড় বৃষ্টি ও দুর্যোগকালীন কারাগারে আগত দর্শনার্থীদের অনেক বিড়ম্বনায় পড়তে হয়। তাছাড়া বিদ্যমান অপেক্ষাগারটির আশেপাশে কোনো শৌচাগার নেই। | স্থানীয়ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কারা উপ মহাপরিদর্শক (চট্টগ্রাম) /সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ |
| | | দীর্ঘদিন যাবৎ অত্র কারাগারে সহকারী সার্জন (মহিলা), পাথলজিস্ট এর পদ শূণ্য থাকায় বন্দি তথা কারা কর্মকর্তা/ কর্মচারীদের সু-চিকিৎসা ব্যহত হচ্ছে। | - | - |
| ২ | কক্সবাজার জেলা কারাগার | **সাক্ষাতকক্ষ বৃদ্ধিসহ উর্ধ্বমূখী সম্প্রসারণ** ঃ বিদ্যমান সাক্ষাতকক্ষটি একেবারে ছোট হওয়ায় দর্শনার্থী ও বন্দিদের দেখা সাক্ষাতে প্রচুর অসুবিধা হয়। বিদ্যমান সাক্ষাৎকার কক্ষটি সম্প্রসারণসহ সাক্ষাৎকার কক্ষের উর্ধ্বমূখী সম্প্রসারণ ও অন্যান্য আনুষঙ্গিক কাজের প্রাক্কলন কারা অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। যার প্রাক্কলিত মূল্য ঃ ১,৪৫,৩৫,০০০/- | জরুরি ভিত্তিতে প্রশাসনিক অনুমোদন ও অর্থ বরাদ্দ দেয়ার বিষয়ে নির্দেশ প্রদান করেন। | কারা অধিদপ্তর ইমারত শাখা |
| | | **তল্লাশি** আমাদের ঠিকমত হয়না। রাত্রিকালে সময়টাকে **অবৈধ দ্রব্য অনুপ্রবেশের জন্য** কাজে লাগানো হয় । একটি সার্কুলার দরকার । নিরাপত্তা সদস্যদেরও তল্লাসি হওয়া দরকার । | স্থানীয়ভাবে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কারা উপ মহাপরিদর্শক (চট্টগ্রাম) /সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ |
| | | খাগড়াছড়ি, বান্দরবান, রাঙ্গামাটি, জেলা কারাগারকে নতুন প্রকল্পের আতওতায় অন্তভূক্ত করণ। | - | - |

কারা উপ মহাপরিদর্শক, সিলেট বিভাগ

| ক্রঃ নং | দপ্তর/কারাগারের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | সিলেট কেন্দ্রীয় কারাগার-১ | কারা কর্মকর্তা/কর্মচারী নতুন নিয়োগ বিধিমালা বাস্তবায়ন। | ব্যবস্থা গৃহীত হয়েছে | সংশ্লিষ্ট কমিটি কারা অধিদপ্তর (সংস্থাপন-১ শাখা) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২ | হবিগঞ্জ জেলা কারাগার | কোন কোন কারা কর্তৃপক্ষ পরিকল্পনা বিহীন অদৃশ্য বাজেট দ্বারা বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম করছেন যা উন্নয়নমূলক কার্যক্রম হলেও প্রশ্নবিদ্ধ থাকছে । এ বিষয়ে নির্দিষ্ট নির্দেশনা কাম্য। পরিকল্পনা ও বাজেট বিহীন উন্নয়নের বিষয়ে তত্ত্বাবধায়ক হবিগঞ্জ উপস্থাপন করেন। | তিনি কি বোঝাতে চাচ্ছেন সে সম্পর্কে তার ব্যাখ্যা চাওয়ার নির্দেশ দেয়া হয়। | কারা উপ মহাপরিদর্শক (সিলেট) কারা অধিদপ্তর সংস্থাপন-১ শাখা |

## কারা উপ মহাপরিদর্শক, খুলনা বিভাগ

| ক্রঃ নং | দপ্তর/কারাগারের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | যশোর কেন্দ্রীয় কারাগার | কারাগারে মহিষ পালন খুবই অলাভজনক। এখন বাহিরে আসামী বের করা হয়না, ফলে মহিষ কারাগারের বাহিরে যেতে পারে না। ষাড় না থাকলে প্রজননের বীজ পাওয়া যায়না। খুবই সামান্য দুধ হয়, খাবার বেশী। | এক্ষেত্রে মহিষগুলো বিক্রি করে গরুর খামার করার বিষয়ে নির্দেশ দেয়া হয়। | সংশ্লিষ্ট কারা কর্তৃপক্ষ |
| ২ | কুষ্টিয়া জেলা কারাগার | কারাগারে চিকিৎসা বিভাগে সহকারী সার্জন, ডিপ্লোমা নার্স ও ফার্মাসিস্ট এর পদ শূন্য থাকায় বন্দিদের প্রয়োজনীয় চিকিৎসা সেবা দিতে সমস্যার সৃষ্টি হচ্ছে। | দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) |
| | | জেলার, ডেপুটি জেলার, সার্জেন্ট ইন্সট্রাক্টর, কারা সহকারী তথা মুদ্রাক্ষরিক ও গাড়ী চালকের এর পদ শূন্য থাকায় প্রশাসনিক কাজ কর্মে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। | দ্রুত ব্যবস্থা গ্রহণ করা হবে | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) |

## কারা উপ মহাপরিদর্শক, বরিশাল বিভাগ

| ক্র: নং | দপ্তর/কারাগারের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | **বিভাগীয় দপ্তর, বরিশাল** | সকল বিভাগে ডিআইজি প্রিজন্সদের অফিস নির্মাণ প্রকল্প ও বাসভবন নির্মাণ প্রকল্প বাস্তবায়ন করা। | - | - |
| | | ডিআইজি প্রিজন্স দপ্তরের কর্মকর্তা /কর্মচারীদের আবাসন প্রকল্প হাতে নেয়া। | - | - |

| | | | | |
|---|---|---|---|---|
| | | পূর্বে প্রথা ও জেলকোড মোতাবেক বন্দিদের খাদ্য ও ডালের দরপত্র পূর্বের ন্যায় ০৬(ছয়) মাস মেয়াদী করা। | এ বিষয়ে সকল ডিআইজি প্রিজন্সদের মতামত চাওয়া হলে সকলে ০৬ মাসের বিষয়ে মতামত দেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। | সহকারী কারা মহাপরিদশক (অর্থ) কারা অধিদপ্তর (ক্রয় শাখা) |
| | | পটুয়াখালী জেলা কারাগারে কর্মরত একজন মহিলা কারারক্ষী ১৯ দিন বেশি চাকরি করেছেন । পূর্বে নিয়োগকারী কর্মকর্তা ডিআইজি প্রিজন্স কর্তৃক পিআরএল মঞ্জুর করা হতো । কিন্তু এখন মন্ত্রণালয়ের আদেশে জেল সুপার কর্তৃক পিআরএল মঞ্জুর করা হচ্ছে ফলে এ ধরনের ঘটনা ঘটছে । | বিষয়টি যাচাই করে সিদ্ধান্ত গ্রহণ করা হবে | সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন) কারা অধিদপ্তর (সংস্থাপন-২ শাখা) |
| | | রাত্রিকালীন ডিউটি অফিসার নাই । নাইট ডিউটির জন্য আলাদাভাবে ডেপুটি জেলার নিয়োগ করা দরকার | - | - |
| | | মুনিম কমিশন রিপোর্ট এবং পুরাতন জেল কোড পুনরায় ১০০ কপি ছাপানো যেতে পারে । | মুনিম কমিশন রিপোর্ট এবং পুরাতন জেল কোড পুনরায় ১০০ কপি ছাপানোর বিষয়ে নির্দেশ প্রদান করেন। | কারা অধিদপ্তর (অডিট শাখা/প্রশাসন শাখা) |
| | | প্রতি বিভাগের কেন্দ্রীয় কারাগার বা ডিআইজি প্রিজন্স অফিস নির্মাণ প্রকল্পভূক্ত এলাকায় ফাঁকা জায়গায় একটি করে পরিদর্শন **বাংলো** নির্মাণের উদ্যোগ গ্রহণ করা। | - | - |
| | | কারা কর্মকর্তা/কর্মচারীদের বিদেশ ভ্রমণের পাশাপাশি সংক্ষিপ্ত সময়ের জন্য যেমন ১৫/২১/৩০ দিনের বা ০৩মাসের প্রশিক্ষণে বিদেশে প্রেরণ করা যেতে পারে। | - | - |
| | | কারারক্ষী থেকে আইজি প্রিজন্স পর্যন্ত সকল ইউনিফর্ম/সিভিল পদের আপগ্রেডেশন বাস্তবায়ন করা। | - | - |
| | | একটি আধুনিক ও যুগোপযোগী নিয়োগবিধি ও আর্গানোগ্রাম প্রস্তুতপূর্বক তা কার্যকর করা। এক্ষেত্রে কারেকশনাল সার্ভিস বা সংশোধনাগার বিষয়টি সামনে রেখে চিন্তা করা। | - | - |
| | | নিরাপত্তার জন্য সকল জেলার/জেল সুপার/সিনিয়র জেল সুপার/ডিআইজিদের Orderly with Arms বা সশস্ত্র দেহরক্ষীর ব্যবস্থা করা। | - | - |
| | | ডিআইজি, এডিশনাল আইজি ও আইজি প্রিজন্সদের জন্য স্টাফ অফিসার পদ সৃজন করা। কেননা জেলাপর্যায়ে অনেক কর্মকর্তাদের স্টাফ অফিসার রয়েছে। | - | কারা অধিদপ্তর (সংস্থাপন-১) |
| | | ৫৬৯ ও ৫৯৪ বিধি অনুযায়ী বন্দিমুক্তির বিষয়টি ত্বরান্বিত করা।<br>কারাগারের চিঠিপত্র বিভাগীয় কারা উপমহাপরিদর্শক এর মাধ্যমে প্রেরণ করার বিষয়ে আলোচনা করা হয়। | কারাগারের সকল চিঠি বিভাগীয় দপ্তরের মাধ্যমে কারা অধিদপ্তরে অগ্রগামী হবে। | কারা উপ মহাপরিদর্শক (সকল)<br>সিনিয়র জেল সুপার/জেল সুপার (সকল)<br>সহকারী কারা মহাপরিদর্শখ (সকল)<br>কারা অধিদপ্তর (সকল শাখা) |

কারা মহাপরিদর্শক সমাপনী বক্তব্যে সকলকে দূর দূরান্ত থেকে কষ্ট স্বীকার করে এ সম্মেলনে আসার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। আপনারা সবকিছু জানেন এবং বুঝেন, সামনে এগুতে হলে বাস্তবতা বুঝে কাজ করতে হবে। আমরা অনেক পিছনে পড়ে আছি। নিজেদের মাঝে নৈতিকতাবোধ দৃঢ় করে হৃতগৌরব ফিরেআনতে হবে। কারা বিভাগের ভাবমূর্তি ধরে রাখতে হলে আমাদেরকে ঘুরে দাড়াতে হবে এবং আমরা আত্মশক্তিতে বিশ্বাসী নই। নিজেদের মাঝে ঐক্য নেই। ব্যক্তিগত দ্বন্দ পরিহার করতে হবে। কারা বিভাগে প্রশাসন পরিচালনার ক্ষেত্রে গতিশীলতা আনায়ন ও হারানো ভাবমূর্তি পুনরুদ্ধার করার জন্য ৩ মাসের সময়সীমা নির্ধারণ করে দেয়া হলো। ভালো কাজের জন্য পুরস্কার ও মন্দ কাজের জন্য তিরস্কার করা হবে মর্মে সকলকে সাবধান করে দেয়া হয়।

পরিশেষে সকলকে অত্যন্ত নিষ্ঠা, দায়িত্বশীলতা ও সততার সাথে প্রশাসন পরিচালনার পরামর্শ দিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১/০৭/২০১৯

এ কে এম মোস্তফা কামাল পাশা
ব্রিগেডিয়ার জেনারেল
কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪৪৪
ig@prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২২.১২.০০১.২০১৯-৪৮৯ (৯৬)

তারিখঃ ১৫ শ্রাবণ ১৪২৬ / ৩০ জুলাই ২০১৯

**অনুলিপি অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:**

১। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
২। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৩। সহকারি কারা মহাপরিদর্শক (সকল), কারা অধিদপ্তর, ঢাকা।
৪। পরিচালক ইনচার্জ, কারা প্রশিক্ষণ ইনস্টিটিউট, কারা অধিদপ্তর, ঢাকা।
৫। প্রশাসনিক কর্মকর্তা-১/২ পরিসংখ্যানবিদ/বাজেট অফিসার/স্টাফ অফিসার কারা অধিদপ্তর, ঢাকা।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন ইন্টেলিজেন্স ইউনিট/আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
৭। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের ব্যক্তিগত সহকারি, কারা অধিদপ্তর, ঢাকা। বিষয়টি কারা মহাপরিদর্শক/অতিরিক্ত কারা মহাপরিদর্শক/কারা উপ মহাপরিদর্শক মহোদয়ের সদয় অবগতির জন্য
৯। গার্ড ফাইল।

৩০/০৭/১৯

মোঃ বজলুর রশীদ
বিজে-০১৬৫৯৩০০১৪০
কারা উপ মহাপরিদর্শক (সদর দপ্তর)
পক্ষে-কারা মহাপরিদর্শক
ফোনঃ ৫৭৩০০৪০০ (দপ্তর)
dighq@prison.gov.bd